মেহেরপুরে রেস্তোরাঁ স্বাদ বিলাসের উদ্বোধন

মেহেরপুরে বিআরটিসি কাউন্টারের সামনে রেস্তোরাঁ স্বাদ বিলাসের উদ্বোধন করা হয়। বুধবার (১৫ই জানুয়ারি) দুইটার দিকে মেহেরপুর হোটেল বাজার রেস্তোরাঁ স্বাদ বিলাসের উদ্বোধন করা হয়।

রেস্তোরাঁ স্বাদ বিলাসের স্বত্বাধিকারী রাশেদুজ্জামান খান প্রদীপের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে মোছাঃ বিলকিস বেগম ফিতা কেটে উদ্বোধন করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন মশিউর রহমান মজনু, সিনিয়ার সাংবাদিক রফিকুল আলম, হাসানুজ্জামান খান উজ্জ্বল, মেহেরপুর সোনালী ব্যাংকের ম্যানেজার তৌহিদুল আলম, মেহেরপুর পূবালী ব্যাংকের ম্যানেজার মনজুর আলী প্রমুখ।

মেহেরপুরে আন্ত: ইউনিয়ন ফুটবল প্রতিযোগিতার উদ্বোধন

“এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই” এই প্রতিপাদ্যে তারুণ্যর উৎসব নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে মেহেরপুর সদর উপজেলা পর্যায়ে আন্তঃ ইউনিয়ন ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।

বুধবার (১৫ই জানুয়ারি) দুপুর দুইটার দিকে মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের আয়োজনে জেলা স্টেডিয়াম এই ফুটবল প্রতিযোগিতার উদ্বোধন করা হয়।

সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মোঃ রনি আলম নূর।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা সহকারী কমিশনার

ভূমি অফিসার গাজী মূয়ীদুর রহমান, সদর থানার অফিসার ইনচার্জ শেখ মেজবাহ উদ্দিন, পি.আই.ও সাইদুর রহমান, সমাজসেবা অফিসার আছিসুর রহমান, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার মোঃ ররিকুল ইসলাম, আমদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান টোকন, কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সেলিম রেজা, বৈষম্য ছাত্র আন্দোলনের আহবায়ক ইমতিয়াজ আহমেদসহ বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলা উদ্বোধন

মেহেরপুরে ৪৬ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলার উদ্বোধন করা হয়েছে। সোমবার (১৩ জানুয়ারি) সকাল ১০ টার দিকে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের তত্ত্বাবধানে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় মেহেরপুর সদর উপজেলা পরিষদ চত্বরে এই মেলার আয়োজন করা হয়।

মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ফিতা কেটে মেলার উদ্বোধন করেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

পি আই ও সাইদুর রহমানের সঞ্চালনায় উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা সহকারী কমিশনার ভূমি অফিসার গাজী মূয়ীদুর রহমান, সহকারী কমিশনার মোঃ আবীর হোসেন, জেলা মাধ্যমিক অফিসার মোঃ মনিরুল ইসলাম, প্রাথমিক অফিসার ফারুক উদ্দিন প্রমুখ।

মেহেরপুরে সদর উপজেলা ৪৬তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলায় ১৯ টি শিক্ষা প্রতিষ্ঠান অংশগ্রহণ করেছে।

ঝিনাইদহে প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

ঝিনাইদহে প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে। বুধবার সকালে শহরের বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টোডিয়ামে এ টুর্নামেন্টের উদ্বোধন করা হয়।

শুরুতে জাতীয় সংগীতের মাধ্যমে জাতীয় পতাকা ও ক্রীড়া পতাকা উত্তোলন করা হয়। পরে বেলুন উড়িয়ে টুর্নামেন্টের উদ্বোধন করা হয়। পরে আলোচনা সভায় জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আনন্দ কিশোর সাহা’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আওয়াল। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার মোহাম্মদ মনজুর মোরশেদ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোহাম্মদ সাইফুর রহমান, সদর উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরী।

উদ্বোধনী ম্যাচে বালিকা দলে মুখোমুখি হয় কোটচাঁদপুরের বলরামপুর মুরুটিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় ও লেবুতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়। আর বালক দলে প্রতিদ্বন্দ্বীতা করে সদর উপজেলার বড় কামাড়কুন্ডু সরকারি প্রাথমিক বিদ্যালয় ও কোটচাঁদপুরের বলুহর সরকারি প্রাথমিক বিদ্যালয়। দিনভর খেলা উপভোগ করেন বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকরা।

আয়োজকরা জানায়, বুধবার থেকে শুরু হওয়া এ টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে আগামী ১১ জানুয়ারি। টুর্নামেন্টে জেলার ৬ উপজেলার ১২ টি দল অংশগ্রহণ করবে।

মুজিবনগরে ৫০ দিনব্যাপী তারুণ্যের উৎসবের উদ্বোধন

“এসো দেশ বদলায় পৃথিবী বদলায়” এই স্লোগানে নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে মুজিবনগরে ৫০ দিনব্যাপী তারুণ্যের উৎসবের উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আয়োজনে এবং মুজিবনগর উপজেলা প্রশাসনের বাস্তবায়নে সোমবার সকালে এ উৎসবের শুভ উদ্বোধন ঘোষণা করা হয়।

উৎসব উপলক্ষে উপজেলা নির্বাহী অফিসার পলাশ মণ্ডলের নেতৃত্বে একটি বর্ণাঢ্য র্যালি উপজেলা পরিষদ প্রাঙ্গণ থেকে শুরু হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ করে পুনরায় উপজেলা পরিষদ চত্বরে শেষ হয়। র্যালি শেষে বেলুন, ফেস্টুন ও শান্তির প্রতীক কবুতর উড়িয়ে আনুষ্ঠানিকভাবে ৫০ দিনব্যাপী উৎসবের উদ্বোধন ঘোষণা করা হয়, যা চলবে ৩০ ডিসেম্বর থেকে ১৯ ফেব্রুয়ারি পর্যন্ত।

উপজেলা নির্বাহী অফিসার পলাশ মণ্ডল বলেন, নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে বাংলাদেশ সরকার দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণ করেছে। তারুণ্যের উৎসব ২০২৫ সেই পরিকল্পনার একটি গুরুত্বপূর্ণ অংশ। এটি কেন্দ্রীয় পর্যায় থেকে শুরু করে জেলা, উপজেলা এবং ইউনিয়ন পর্যায় পর্যন্ত তারুণ্যের উদ্যম ও স্পৃহা ছড়িয়ে দেবে।

তিনি আরও বলেন, মুজিবনগরে আমরা সরকারের নির্দেশনা অনুযায়ী এই উৎসব উদযাপনের জন্য নানান পরিকল্পনা গ্রহণ করেছি। এতে খেলাধুলা, সাংস্কৃতিক কার্যক্রম এবং পরিবেশগত সচেতনতার বিভিন্ন কর্মসূচি অন্তর্ভুক্ত রয়েছে।

নির্বাহী অফিসার আশা প্রকাশ করেন যে, মুজিবনগরবাসী এই উৎসবে সক্রিয় অংশগ্রহণ করবে এবং গ্রিন ও ক্লিন মুজিবনগর প্রতিষ্ঠায় সহায়তা করবে।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমান,
বীর মুক্তিযোদ্ধা হাজী আহসান আলী খান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোহাম্মদ রকিব উদ্দিন, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সী ওমর ফারুক প্রিন্স, সাধারণ সম্পাদক হাসান মুস্তাফিজুর রহমান, উপজেলা ইসলামিক ফাউন্ডেশনের মডেল কেয়ারটেকার মোহাম্মদ

আলী খান প্রমুখ।

এছাড়াও বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, বীর মুক্তিযোদ্ধা, স্কুল-কলেজের ছাত্রছাত্রী, স্থানীয় এনজিও প্রতিনিধি, এবং সুধী সমাজের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে প্রাথমিক বিদ্যালয় গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্ট উদ্বোধন

মেহেরপুরে প্রাথমিক বিদ্যালয় গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্ট (বালক ও বালিকা) উদ্বোধন করা হয়েছে।

সোমবার (৬ জানুয়ারি) সকাল ৯টায় মেহেরপুর জেলা স্টেডিয়ামে জেলা প্রশাসনের আয়োজনে ও প্রাথমিক শিক্ষা অফিসের সহযোগিতায় এ টুর্নামেন্টের উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের শুরুতে জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। এরপর বেলুন উড়িয়ে খেলার আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. রুহুল আমীনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার মাকসুদা আকতার খানম, সদর উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আব্দুল করিম, মেহেরপুর সদর উপজেলা শিক্ষা অফিসার মো. ফারুক উদ্দিন এবং বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন (অব.) আব্দুল মালেক।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ইসলামী ফাউন্ডেশনের উপপরিচালক এ জে এম সিরাজুম মুনীর, জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ, মেহেরপুর সদর

উপজেলা শিক্ষা অফিসের সহকারী শফিকুল রহমান, জহুরুল হক, এহসানুল হাবীব, আশরাফুল আলম এবং ওবায়দুল্লাহ।

মেহেরপুরে প্রিয়তমা লেডিস বিউটি পার্লার এন্ড লেডিস ফ্যাশনের উদ্বোধন

মেহেরপুরে হোটেল বাজার প্রিয়তমা লেডিস বিউটি পার্লার এন্ড লেডিস ফ্যাশন উদ্বোধন করা হয়েছে। বুধবার রাত ছয়টার দিকে মেহেরপুর হোটেল বাজার প্রিয়তমা লেডিস বিউটি পার্লার এন্ড লেডিস ফ্যাশন উদ্বোধন করা হয়।

মেহেরপুরে হোটেল বাজার প্রিয়তমা লেডিস বিউটি পার্লার এন্ড লেডিস ফ্যাশন অনুষ্ঠানে উদ্বোধনী করেন মেহেরপুর জেলা মহিলা দলের সভাপতি সাইদুরতুর নেশা নয়ন।

এ সময় আরো উপস্থিত ছিলেন মোছাঃ আলো আক্তার, বিউটিশিয়ান শিউলি খাতুন, বিউটিশিয়ান তাসলিমা খাতুন, বিউটিশিয়ান সোনিয়া, মোছাঃ মুন্নি খাতুন।

প্রোঃ রাজু ও মীম জানায় এখানে আইব্রো ফেসিয়াল, কালারিং, হেয়ার কাটিং, ওয়াকিং পার্লারের সমস্ত কাজ করা হয়। এছাড়া মেয়েদের লেহেঙ্গা শাড়ি, ওয়ান পিস, থ্রি পিস, কপাল ড্রেসসহ মেয়েদের যাবতীয় পোশাক পাওয়া যায়।

মেহেরপুরে মার্কেন্টাইল ব্যাংকের পিএলসি উপশাখার উদ্বোধন

মেহেরপুরে মার্কেন্টাইল ব্যাংক লিমিটেডের ৪৫তম উপশাখার আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে। সোমবার (৩০ ডিসেম্বর) সকাল সাড়ে ১১ টায় শহরের কাশাঁরীপাড়ায় এই উপশাখার উদ্বোধন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে অনলাইনে যুক্ত ছিলেন মার্কেন্টাইল ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) এবং সিইও মাতিউল হাসান।

মোঃ রফিকুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মার্কেন্টাইল ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক শামীম আহমেদ, মেহেরপুর চেম্বার অব কমার্সের সাধারণ সম্পাদক আরিফুল এনাম বকুল, আসলোভ ইন্টারন্যাশনালের প্রধান নির্বাহী ওয়াহেদুজ্জামান এবং হেড অফ ব্রাঞ্চ ডিভিশন মোহাম্মদ হোসেন।

এছাড়াও চুয়াডাঙ্গা মার্কেন্টাইল ব্যাংকের ব্যবস্থাপক রহিদাস পাল, মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ মেসবাহ উদ্দিন এবং নবনিযুক্ত উপশাখা ইনচার্জ জুয়েল রানা প্রমুখ উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় পিএসটিসি মডেল ক্লিনিকের উদ্বোধন

কুষ্টিয়ায় পপুলেশন সার্ভিসেস অ্যান্ড ট্রেনিং সেন্টার (পিএসটিসি) মডেল ক্লিনিকের উদ্বোধন করা হয়েছে।

এটি বাংলাদেশের সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের উন্নত স্বাস্থ্যসেবা পৌঁছে দেওয়ার জন্য পিএসটিসি-এর চলমান প্রচেষ্টার একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

বিশেষভাবে প্রজনন স্বাস্থ্যসহ (SRH) জনস্বাস্থ্য সেবায় ব্যাপক সেবা প্রদান করার লক্ষ্যে কাজ করবে এটি।

মঙ্গলবার সকালে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়ার জেলা প্রশাসক মো: তৌফিকুর রহমান।

এসময় তিনি তার বক্তব্যে সবার জন্য স্বাস্থ্য সেবা নিশ্চিত করার গুরুত্ব তুলে ধরেন। পিএসটিসির জনগণের জন্য স্বাস্থ্যসেবা প্রদানে অব্যাহত প্রচেষ্টাকে সাধুবাদ জানান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন-কুষ্টিয়া পরিবার পরিকল্পনার উপপরিচালক মো. আবদুস সালাম, কুষ্টিয়ার পুলিশ সুপার মো. মিজানুর রহমান, উপজেলা হেলথ অফিসের ইউ এইচ অ্যান্ড এফপিও মো. সাজ্জাদ হোসেন।

অতিথিরা তাদের মতামতে এই উদ্যোগের প্রতি সমর্থন জানান। সরকার, এনজিও ও স্থানীয়দের মধ্যে অংশীদারিত্বের মাধ্যমে জনস্বাস্থ্য উন্নতির ওপর জোর দেন তারা।

অনুষ্ঠানে পিএসটিসি ফোকাস প্রকল্পের ওপর একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন ও ভিডিও ডকুমেন্টরি প্রদর্শিত হয়। এরপর ক্লিনিকটি পরিদর্শন করা হয়। এই ক্লিনিকটি একটি মডেল হিসেবে সেবা প্রদানের লক্ষ্য রাখছে, যেখানে পরিবার পরিকল্পনা, মাতৃস্বাস্থ্য, শিশুসাস্থ্য, কাউন্সেলিং এবং স্বাস্থ্য শিক্ষাসহ গুরুত্বপূর্ণ সেবা প্রদান করা হবে।

পিএসটিসির নির্বাহী পরিচালক, ড. নূর মোহাম্মদ তার বক্তব্যে দেশজুড়ে সবার জন্য সমান স্বাস্থ্যসেবা নিশ্চিত করার প্রতি দৃঢ় প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

পিএসটিসি একটি অলাভজনক প্রতিষ্ঠান, যার ৪৬ বছরেরও বেশি অভিজ্ঞতা রয়েছে। স্বাস্থ্য এবং সেবামূলক উদ্যোগের মাধ্যমে বাংলাদেশের জনগণের উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ এটি।

আশরাফপুরে মরহুম ফারুক হুসাইন চেয়ারম্যান ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন

মেহেরপুরের আশরাফপুরে মরহুম ফারুক হুসাইন চেয়ারম্যান ক্রিকেট টুর্নামেন্ট উদ্বোধন করা হয়েছে।

আজ সোমবার বিকেল তিনটার সময় মেহেরপুর সদর উপজেলা আমদহ ইউনিয়নের আশরাফপুর ক্রিকেট টিমের আয়োজনে আশরাফপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে এই ক্রিকেট টুর্নামেন্ট উদ্বোধন করা হয়।

মরহুম ফারুক হুসাইন চেয়ারম্যান স্মৃতি ক্রিকেট টুর্নামেন্ট উদ্বোধন করেন নাজাত আলী।

মেহেরপুর সদর উপজেলা ছাত্রদলের আহ্বায়ক মোল্লা নাজমুল ইসলামের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক শাহাবুদ্দিন মোল্লা।

আশরাফপুর ক্রিকেট টিম অধিনায়ক ইমতিয়াজ আহমেদের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নুরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ ইয়াসনবী মাস্টার, আমদহ ইউনিয়ন জামায়াতে ইসলামীর বায়তুল মাল সেক্রেটারী মাওলানা আজিজুল হক, মেহেরপুর সদর উপজেলা কৃষক দলের সদস্য সচিব মোঃ মিরাজউদ্দিন, আমদহ ইউনিয়নের যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ তুষার আলী, যুবদলের ওয়ার্ড সেক্রেটারি মিলন আহমেদ, রিপন আলী প্রমুখ।

উদ্বোধনী খেলায় বন্দর একাদশ এবং কুড়োলগাছি একাদশ অংশগ্রহণ করেন।